Lens Asia

২০ সেপ্টেম্বর, ২০২৬

# নোট অব ডিসেন্টসহ জুলাই সনদ বাস্তবায়নের আশ্বাস স্বরাষ্ট্রমন্ত্রীর


স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমেদ। ছবি: সংগৃহীত

নোট অব ডিসেন্টসহ স্বাক্ষরিত জুলাই সনদ দ্রুত বাস্তবায়নের আশ্বাস দিয়েছেন সংবিধান সংশোধন সম্পর্কিত বিশেষ কমিটির সভাপতি ও স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। তিনি বলেছেন, সনদের বাইরে দেশের মানুষের কল্যাণে কোনো যৌক্তিক পরামর্শ এলে সেটিও সরকার বিবেচনায় নেবে।

রোববার (২০ সেপ্টেম্বর) জাতীয় সংসদের কেবিনেট কক্ষে সংবিধান সংশোধন সম্পর্কিত বিশেষ কমিটির দ্বিতীয় বৈঠক শেষে সাংবাদিকদের এসব কথা জানান স্বরাষ্ট্রমন্ত্রী।

সালাহউদ্দিন আহমদ বলেন, জুলাই সনদ নোট অব ডিসেন্টসহই স্বাক্ষরিত হয়েছে। যেভাবে সনদে স্বাক্ষর করা হয়েছে, সরকার সেভাবেই তা বাস্তবায়ন করবে। নোট অব ডিসেন্ট যুক্ত রেখেই সনদটি দ্রুত বাস্তবায়নের উদ্যোগ নেওয়া হবে বলে জানান তিনি।

দেশের স্বার্থের বিষয়টি তুলে ধরে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, সনদে উল্লেখ নেই—এমন কোনো যৌক্তিক ও জনকল্যাণমুখী প্রস্তাব সামনে এলে সরকার সেটিকেও ইতিবাচকভাবে বিবেচনা করবে।

LENS ASIA

জুলাই সনদ নিয়ে কয়েকটি রাজনৈতিক দল বিভ্রান্তি ছড়াচ্ছে বলেও অভিযোগ করেন তিনি। সালাহউদ্দিন আহমদ বলেন, সংখ্যাধিক্যের ভিত্তিতে বিএনপি একতরফাভাবে জুলাই সনদ বাস্তবায়নের উদ্যোগ নিচ্ছে—এমন বক্তব্য সঠিক নয়। নোট অব ডিসেন্টসহ সনদ বাস্তবায়নে বিএনপি অঙ্গীকারবদ্ধ বলেও জানান তিনি।

সনদ বাস্তবায়নের প্রক্রিয়া একপাক্ষিক নয় উল্লেখ করে তিনি বলেন, এতে ১৭টি পক্ষের সম্পৃক্ততা রয়েছে। প্রয়োজন হলে রাজনৈতিক দলগুলোর প্রতিনিধিদের আবারও আলোচনায় ডাকা হবে।

এদিনের বৈঠকে ১৫টি রাজনৈতিক দলের প্রতিনিধিরা সরাসরি অংশ নেন। একটি রাজনৈতিক দল তাদের লিখিত বক্তব্য জমা দেয়। সব মিলিয়ে বৈঠকে ১৭টি রাজনৈতিক দলের সম্পৃক্ততা ছিল।

তবে জুলাই সনদে স্বাক্ষরকারী দলগুলোর মধ্যে জামায়াতে ইসলামী, এনসিপিসহ কয়েকটি দল বিভিন্ন দাবিতে আন্দোলনে থাকায় রোববারের বৈঠকে তারা অংশ নেয়নি।